



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Worksheet - 6  
Class - 2

Subject : Bengali Grammar  
Topic : বিপরীতার্থক শব্দ

Date : 09.05.2020

১) নীচের শব্দগুলির বিপরীতার্থক শব্দ লিখে বাক্য রচনা কর।

- ক) পরিশ্রমী
- খ) চঞ্চল
- গ) দেশ
- ঘ) কুৎসিত
- ঙ) নিন্দা
- চ) শত্রু

২) বন্ধনী থেকে সঠিক বিপরীতার্থক শব্দ বেছে নিয়ে নীচের শব্দগুলির পাশে লেখ।

(বক্র, গরল, পুণ্য, প্রস্থান, বিষাদ, নিরাশা)

- ক) প্রবেশ - \_\_\_\_\_
- খ) আনন্দ - \_\_\_\_\_
- গ) সরল - \_\_\_\_\_
- ঘ) পাপ - \_\_\_\_\_
- ঙ) আশা - \_\_\_\_\_
- চ) অমৃত - \_\_\_\_\_

৩) নীচের শূন্যস্থানগুলি শব্দ ও তার বিপরীতার্থক শব্দ যোগে পূরণ কর।

- ক) \_\_\_\_\_ চিনে তবেই জিনিস কিনবে।
- খ) \_\_\_\_\_ অনেক সময় \_\_\_\_\_ ওপর অত্যাচার করে।
- গ) যার \_\_\_\_\_ আছে তার \_\_\_\_\_ আছে।

৪) নীচের অংশটি পড়ে উত্তর লেখ।

উত্তরে হাওয়া আর সূর্যের মধ্যে শক্তি নিয়ে তর্ক - বিতর্ক। এ বলে আমি শক্তিশালী, ও বলে আমি শক্তিশালী। হঠাৎ তাদের নজরে পড়লো এক পথিক পথ চলছে। তারা বাজী ধরলো পথিককে যে কাপড় খুলতে বাধ্য করতে পারবে সে জয়ী হবে। উত্তরে হাওয়াই আগে চেষ্টা করবে ঠিক হলো। হাওয়া বইতে লাগলো জোরে, ভীষণ জোরে। হাওয়ায় পথিক তার গায়ের কাপড় আঁকড়ে ধরে রাখলো। ঠাণ্ডা বাতাসের দাপটে সে একটা চাদর গায়ে জড়িয়ে নিল। উত্তরে হাওয়া ক্লান্ত হয়ে সূর্যকে বললো, নাও এবার তুমি চেষ্টা করে দেখো। সূর্য তখন মিষ্টি রোদ ছড়িয়ে দিলো পৃথিবীতে। একটু পরে রোদ বাড়লে পথিক তার গায়ের চাদর খুলে ফেললো। গরমে অস্থির হয়ে থাকতে না পেরে কাপড় জামা খুলে নদীতে স্নান করতে নামলো।

ক) কাদের মধ্যে তর্ক - বিতর্ক হয়েছিল?

খ) তারা কী বাজী ধরেছিল?

গ) রোদ বাড়ায় পথিক কী করেছিল?

ঘ) শূন্যস্থান পূরণ কর।

\_\_\_\_\_ পথিক তার গায়ের কাপড় \_\_\_\_\_ ধরে রাখলো।

ঙ) বাক্য রচনা কর : 'পৃথিবী'

Rita Das

\_\_\_\_\_ x \_\_\_\_\_